

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২ ১৩৭

আগরতলা, ১১ ডিসেম্বর, ২০২৪

সাংবাদিক সম্মেলনে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী
আগামীকাল ৬৮তম জাতীয় স্কুল গেমসের অনুর্ধ্ব
১৭ বালিকা বিভাগের জুড়ো প্রতিযোগিতার উদ্বোধন



৬৮তম জাতীয় স্কুল গেমসের অনুর্ধ্ব ১৭ বালিকা বিভাগের জুড়ো প্রতিযোগিতা আগামী ১২ ডিসেম্বর, ২০২৪ থেকে রাজ্যে শুরু হবে। আগামী ১৫ ডিসেম্বর পর্যন্ত এই প্রতিযোগিতা চলবে। প্রতিযোগিতার খেলাগুলি অনুষ্ঠিত হবে আগরতলার নেতাজী সুভাষ আশ্বলিক কোচিং সেন্টারে (এনএসআরসিসি)। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আগামীকাল প্রতিযোগিতার উদ্বোধন করবেন। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় এ সংবাদ জানান। ক্রীড়ামন্ত্রী জানান, ৬৮তম জাতীয় স্কুল গেমসের অনুর্ধ্ব ১৭ বালিকা বিভাগের জুড়ো প্রতিযোগিতায় ২৭টি রাজ্য এবং ৪টি জুড়ো সংস্থার খেলোয়াড়রা অংশগ্রহণ করবেন। মোট ২৫৪ জন খেলোয়াড় জাতীয় স্কুল গেমসের এই প্রতিযোগিতায় অংশ নেবেন। ইতিমধ্যেই ১৩টি রাজ্যের খেলোয়াড়গণ রাজ্যে পৌছে গেছেন। বাকি রাজ্যগুলোর খেলোয়াড়রা আজ রাতের মধ্যেই চলে আসবেন। এছাড়াও বিভিন্ন রাজ্য থেকে মোট ৭১ জন অফিসিয়াল এই প্রতিযোগিতায় উপস্থিত থাকবেন। বিভিন্ন রাজ্য থেকে আগত অফিসিয়ালদের শহীদ ভগৎ সিং যুব আবাসে এবং প্রতিযোগীদের এনএসআরসিসি'র হোস্টেলে এবং ত্রিপুরা স্পোর্টস স্কুলে থাকা খাওয়ার ব্যবস্থা করা হচ্ছে।

ক্রীড়ামন্ত্রী জানান, উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় স্কুল গেমসের ৬৫, ৬৬ ও ৬৭তম আসরে বিভিন্ন পুরস্কার বিজয়ী রাজ্যের ১০ জন খেলোয়াড় এবং খেলো ইন্ডিয়া যুব গেমসের ৩, ৫ ও ৬ষ্ঠ আসরে বিভিন্ন পুরস্কার বিজয়ী রাজ্যের ৪ জন খেলোয়াড়কে সংবর্ধনা দেওয়া হবে। তিনি জানান, বিগত দিনে জাতীয় স্তরের বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা রাজ্যে সফলভাবে আয়োজন করা হয়েছে। এবারের প্রতিযোগিতাও সফলভাবে আয়োজন করা হবে বলে ক্রীড়ামন্ত্রী আশা প্রকাশ করেন। সাংবাদিক সম্মেলনে এছাড়াও যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী ও অধিকর্তা সত্যব্রত নাথ উপস্থিত ছিলেন।
